দামুড়হুদায় বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের উদ্বোধন

দামুড়হুদায় বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের শুভ উদ্বোধন করলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু। আজ বৃহস্পতিবার সকাল ১০ টায় দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলে বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের শুভ উদ্বোধন করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এসময় আরও উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, উপজেলা একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলাম, দর্শনা সরকারি কলেজের প্রফেসর সুজাউদ্দৌলা, পাইলট হাই স্কুলের প্রধান শিক্ষক মো: নজরুল ইসলাম, সহকারী শিক্ষক আসাদুজ্জামান, মোছা: জামেনা খাতুন, হুসাইন ইসলাম, ফারুক হোসেন।

অনুষ্ঠানটির সঞ্চালনা করেন বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের সদস্য সচিব মোঃ শফিকুল ইসলাম।

অজানাকে জানতে বই পড়ার কোন বিকল্প নেই— রোকসানা মিতা

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনায় ৩ জন গুনী ব্যক্তিত্ব কে সম্মাননা স্বারক প্রদান করেছে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতি।

এবারের অমর একুশে বই মেলায় লেখক ও চিকিৎসক জাহাঙ্গীর আলম বিশ্বাসের লেখা দুটি বই প্রকাশিত হয়েছে। বই দুটির মধ্যে “কোকেন কান্ডে কিংস কাইন্ড”সারা বাংলাদেশের মধ্যে ৪র্থ স্থান অধিকার

অবদান রাখায় অনির্বান থিয়েটারের সাধারণ সম্পাদক আনোয়ার হোসেনকে সম্মাননা দেওয়া হয়েছে।

এ সংবর্ধনা অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, দর্শনা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ,মিঠু বিশ্বাস,রানা বিশ্বাস, সাংবাদিক ওয়াসিম রয়েল, রিফাত রহমান, আব্দুল হান্নান, শ্রী সুকমল চন্দ্র বাঁধন, প্রমুখ।

দর্শনায় ৫ কেজি গাঁজাসহ দুই মাদক ব্যাবসায়ী গ্রেফতার

দর্শনায় মাদক বিরোধী অভিযান চালিয়ে ভারতীয় ৫ কেজি গাঁজা সহ আরমান মিয়া ও রেজোয়ান নামের দুই মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

আজ বুধবার সকাল ১০ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে থানার এসআই আহাম্মেদ আলী বিশ্বাস সঙ্গীয় অফিসার এএসআই বশির আহম্মেদ, এএসআই হাসানুল বান্না সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা পৌর এলাকার শান্তিপাড়ায়।

এসময় উক্তপাড়ার মৃত সেকেন্দারের ছেলে সোহাগের মালিকানাধীন বাড়ি অভিযান পরিচালনা করা হয়। এ মাদক বিরোধেী অভিযান পরিচালনা কালে বাড়ির ভাড়াটিয়া লিটনের ছেলে আরমান মিয়া (২৫) এর ভাড়াবাড়ীর সিড়ি ঘরের খড়ির গাদার নিচে থেকে অবৈধ মাদকদ্রব্য ৫ কেজি গাঁজা উদ্ধার সহ গ্রেফতার করা হয় লিটনের ছেলে আরমান মিয়া (২৫) ও মোবারকপাড়ার মৃত রিয়াজ উদ্দিনের ছেলে রেজোয়ানকে (২৪)।

গ্রেফতারকৃত আসামীদ্বয়ের বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে। আজ তাদের দুজনকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করছে।

আলমডাঙ্গায় পাখিভ্যান চোরচক্রের তিন সদস্য আটক, ১১টি ব্যাটারি জব্দ

আলমডাঙ্গায় পাখিভ্যানের ব্যাটারি চোর চক্রের তিন সদস্যকে আটক করেছে পুলিশ। এ সময় তাদের কাছ থেকে চোরাই ১১টি ব্যাটারি জব্দ করা হয়েছে।

বুধবার (২৬ এপ্রিল) ভোর সাড়ে ৫ টায় পৌর এলাকার পশুহাট রোডস্থ বাবুল সাইকেল স্টোর ও পাখিভ্যান হাউজ নামক দোকান থেকে তাদের আটক করে থানা পুলিশ।

আটককৃতরা হলেন- আসাননগর দক্ষিণপাড়া গ্রামের মিন্টু আলীর ছেলে শাওন আলী (২০),বকসিপুর খালপাড়া গ্রামের আসাদুল খন্দকারের ছেলে রাসেল আহমেদ (২১), কুমারি কারিগরপাড়ার মৃত সামসুদ্দীনের ছেলে বাবুল হোসেন (৪৪)।

বুধবার সকালে এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ।

তিনি জানান, বুধবার রাতে উপজেলার আসাননগর গ্রামের শাওনকে নিজ বাড়ি থেকে আটক করা হয়। তার দেওয়া গোপন তথ্যের ভিত্তিতে পৌর এলাকার পশুহাট সংলগ্ন রোডে বাবুল সাইকেল স্টোর ও পাখিভ্যান হাউজে ব্যাটারি বিক্রয়ের সময় চোরচক্রের সদস্য রাসেল আহমেদকে পুলিশ আটক করে। চুরিকৃত মালামাল কেনার অপরাধে দোকান মালিক বাবলুকেও আটক করে পুলিশ। এসময় উদ্ধার করা হয় পাখিভ্যানের ১১ টি চোরাই ব্যাটারি।

তিনি আরও জানান, আলমডাঙ্গা উপজেলার বিভিন্ন এলাকায় এই চোর চক্রের সদস্যরা মোবাইল, ব্যাটারি চালিত পাখিভ্যান, ইজিবাইক, সাইকেলসহ বিভিন্ন মালামাল চুরি করে আসছিলেন। আটকের পর জিজ্ঞাসাবাদে তারা বিভিন্ন জায়গায় ব্যাটারিসহ অন্যান্য মালামাল চুরির কথা স্বীকার করেছেন। এই চক্রে আরও বেশ কয়েকজন সদস্য

রয়েছেন। বাকিদেরও আটকের চেষ্টা চালানো হচ্ছে।

দামুড়হুদায় জাতীয় আইনগত সহায়তা দিবস উপলক্ষে সেমিনার অনুষ্ঠিত

দামুড়হুদায় জাতীয় আইনগত সহায়তা দিবস উপলক্ষে আইনগত সহায়তা বিষয়ে উপজেলা পর্যায়ে সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার দুপুর ৩টায় উপজেলা লিগ্যাল এইড কমিটির আয়োজনে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে এই সেমিনার অনুষ্ঠিত হয়।

উপজেলা লিগ্যাল এইড কমিটির সভাপতি ও দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু’র সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা লিগ্যাল এইড অফিসার (সিনিয়র সহকারী জজ) মো: সাইফুদ্দীন হোসাইন।

উপজেলা লিগ্যাল এইড কমিটির সদস্য সচিব ও দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ইউএনও রোকসানা মিতা’র সঞ্চালনায় এসময় আরও উপস্থিত ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আ: করিম বিশ্বাস, দামুড়হুদা মডেল থানার অফিসার এসআই শেখর চন্দ্র মল্লিক, দর্শনা থানার অফিসার এসআই সোহেল রানা, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হাবিব, যুগ্ন সাধারণ সম্পাদক শেখ হাতেম, প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মশিউর রহমানসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ।

আলমডাঙ্গায় আল-ইকরা একাডেমির কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা

আলমডাঙ্গা একাডেমিতে (আল ইকরা) প্রাথমিক বৃত্তি ও এসএসসি -২০২২ পরীক্ষায় উত্তীর্ণ কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা-২০২৩ অনুষ্ঠিত হয়েছে। হয়েছে। গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ৮ টায় প্রতিষ্ঠান প্ প্রাঙ্গণে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে আলমডাঙ্গা একাডেমির সভাপতি ফকির মোহাম্মদের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা সহকারী কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ। বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডঃ খন্দকার সালমুন আহম্মদ ডন,আলমডাঙ্গা সরকারী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আব্দুল মোনায়েম,জেলা সমাজ সেবা অফিসারর সহকারী পরিচালক আবু তালেব,উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ফজলুল হক,আলমডাঙ্গা একাডেমির বিদ্যোৎসাহী সদস্য আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা,উপদেষ্টা পরিষদের সভাপতি প্র.ড মুহাম্মদ আব্দুস শহীদ। অভিবাকদের পক্ষ থেকে বক্তব্য প্রদান করেন একেএম রাজিউজ্জামান রাজ,সৈয়দ আল মামুন।

সহকারি শিক্ষক শাহিন শাহিদের উপস্থাপনায় কৃতি শিক্ষার্থীদের পক্ষ থেকে বক্তব্য রাখেন নাবাত রেহান মারফী,সালমান সাদিক,আতিকুজ্জামান নাভিদ,এইচ এম ফাহিম,ইকবাল মাহমুদ সানভী,আহসানউল্লাহ সজীব,আঃ রাব্বী,হাসান আল নোমান,আব্দুস শহীদ নাসিস।

অনুষ্ঠানে প্রাথমিক বৃত্তি ও এসএসসি-২০২২এর কৃতি শিক্ষার্থীদের ক্রেস্ট প্রদান করা হয়। ২০২২ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষায় ২৪ জন ট্যালেন্টপুলে, ১৬ জন সাধারণ গ্রেডে ও এসএসসি পরীক্ষায় ৪জন ট্যালের্টপুল,১৩জন সাধারণ গ্রেড ও ৩৮জন জিপিএ- ৫.০০ প্রাপ্ত শিক্ষার্থীকে ক্রেস্ট প্রদান করা হয়। এছাড়াও ২০১৬ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত এসএসসি পরীক্ষায় কৃতিত্ব অর্জনকারী শিক্ষার্থীদের মধ্যে ২৫ জন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ও ৮ জন মেডিকেল কলেজে ভর্তির সুযোগ পাওয়ায় তাদেরকে সংবর্ধিত করা হয়। ৩জন ক্যাডেট কলেজ ও জাতীয় পর্যায়ে পুরস্কারপ্রাপ্ত আরও ৩ জন শিক্ষার্থীসহ ৬ জনকে বিশেষ পুরস্কার প্রদান করা হয়।

দামুড়হুদায় সার ও বীজ মনিটরিং কমিটির সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় সার ও বীজ মনিটরিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বেলা ১১টায় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন সার বীজ মনিটরিং কমিটির সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, উপজেলা প্রাণিসম্পদ অফিসার ডা: মো: নাজমুল হাসান শাওন, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সাইফুন নাহার, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা,দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার এসআই শেখর চন্দ্র মল্লিক, দামুড়হুদা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম, বিসিআইসি সার ডিলার মো: আবু হানিফ, ইয়াসিন আলী, রবিউল ইসলামসহ উপজেলার সার ও বীজ ডিলার বৃন্দ।

আলমডাঙ্গায় ৩ চোরাই মোটরসাইকেল উদ্ধার, গ্রেপ্তার ৩

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় ৩টি চোরাই মোটরসাইকেল উদ্ধার করা হয়েছে। এ সময় চুরির অভিযোগে তিনজনকে গ্রেপ্তার করা হয়। গত বৃহস্পতিবার দিবাগত রাতে ওসমানপুর গ্রামে অভিযান চালিয়ে এসব

চোরাই মোটরসাইকেল উদ্ধারসহ ওই চোরচক্রের সদস্যদের আটক করে আলমডাঙ্গা থানা পুলিশ। চুরির ঘটনায় গতকাল শুক্রবার দুপুর ১টায় প্রেস ব্রিফিং করেন জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার সদর সার্কেল আনিসুজ্জামান।

গতকাল শুক্রবার দুপুরে আদালতের মাধ্যমে ওই চোরচক্রের সদস্যদের জেলহাজতে পাঠানো হবে বলে জানান আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ । পুলিশের হাতে আটক হওয়া তিন চোরের বাড়ি উপজেলার হারদি ইউনিয়নের ওসমানপুর গ্রামে।

থানা পুলিশ জানায়, গত বৃহস্পতিবার দিবাগত রাতে গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ জানতে পারে উপজেলার ওসমানপুর-দক্ষিণপাড়া এলাকায় চোরাই মোটরসাইকেল কেনাবেচা হচ্ছে। এমন খবরের পরিপ্রেক্ষিতে প্রাগপুর ফাঁড়ির একদল পুলিশ ওই এলাকায় অভিযান চালায়। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় রবজেল মন্ডলের ছেলে ওহিদুল মন্ডল (৪০), মহাসিন বুড়োর ছেলে গোলাম রসুল (৩৮), নুর মোহাম্মদের ছেলে খালেক আলী (৪৫)কে আটক করে পুলিশ। এ সময় ঘটনাস্থল থেকে ৩টি মোটরসাইকেল উদ্ধার করে পুলিশ।

এ ব্যাপারে আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, আটক হওয়া চোরদের বিরুদ্ধে পুলিশ বাদী হয়ে থানায় একটি মামলা দায়ের করেছে। ওই মামলায় তাদের গ্রেপ্তার দেখিয়ে গতকাল আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হবে।

দামুড়হুদা কাদিপুরে কিতাব আলী হত্যা মামলার রহস্য উদঘাটন

দামুড়হুদা উপজেলার কাদিপুরে মাদক ব্যবসায়ী কিতাব আলীকে (৪৮) কুপিয়ে ও গলাকেটে হত্যা মামলার ৩জন আসামিকে গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তারকৃত তিনজনই হত্যা ঘটনার সঙ্গে সরাসরি সম্পর্কযুক্ত।

গত বৃহস্পতিবার (২০) এপ্রিল রাতে অভিযান চালিয়ে তাদেরকে

গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারের পর দুই আসামি বিজ্ঞ আদলতে ফেীজদারি কার্যবিধি আইনের ১৬৪ ধারায় স্বীকারোক্তিমূলক জবানবন্দী দেয়। গতকাল শুক্রবার (২১ এপ্রিল) বেলা সাড়ে ১১টায় জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল মামুন এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান।

গ্রেপ্তারকৃত আসামিরা হলেন দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাদিপুর গ্রামের স্কুলপাড়ার শাহাবুদ্দিন শাবুর ছেলে জাহাঙ্গীর (৩৮), একই পাড়ার রমজান আলীর ছেলে সাইফুল ইসলাম (৪৪) ও লোকনাথপুর মাঝেরপাড়ার মিলন হোসেনের ছেলে হাফিজুর (২০)।

পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল মামুন বলেন, ‘হত্যা মামলার মাত্র ১২ ঘণ্টার মধ্যে তথ্য প্রযুক্তি ব্যবহার করে ঘটনার সঙ্গে সরাসরি সম্পর্কযুক্ত ৩ জনকে গ্রেপ্তার ও হত্যা রহস্য উদঘাটন করা হয়েছে। ডিবি ও থানা পুলিশের একাধিক টিম হত্যা রহস্য উদঘাটনে কাজ করেছে। গ্রেপ্তারকৃত আসামিরা স্বীকার করেছে কিতাব আলী তাদের পরিচিত ছিলো। গত মঙ্গলবার রাত ১০টার দিকে কিতাব আলী ও আসামিরা ঘটনাস্থলে বসে গাঁজা সেবন করে। এসময় টাকা পয়সার লেনদেন নিয়ে তাদের মধ্যে বাগবিতণ্ডার সৃষ্টি হয়। এক পর্যায়ে কিতাব আলীর সঙ্গে থাকা একটি হাসুয়া কেড়ে নিয়ে আসামি সাইফুল ইসলাম, জাহাঙ্গীর ও হাফিজুর তাকে কুপিয়ে জখম করে। পরে গলা কেটে হত্যা নিশ্চিত করে পালিয়ে যায়। তিনি আরও বলেন, গ্রেপ্তারকৃত আসামিদের মধ্যে জাহাঙ্গীর ও হাফিজুর বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট আদালতে ১৬৪ ধারায় স্বীকারোক্তিমূলক জবানবন্দী দিয়েছে। গ্রেপ্তারকৃত তিন জনকেই আদালতের মাধ্যমে কারাগারে প্রেরণ করা হয়েছে।

উল্লেখ্য, গত বুধবার (১৯ এপ্রিল) সকাল সাড়ে ১০টার দিকে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাদিপুর গ্রামের মাঠ থেকে কিতাব আলীর লাশ উদ্ধার করে পুলিশ। এ ঘটনার পরদিন বৃহস্পতিবার দামুড়হুদা মডেল থানায় ৩০২/৩৪ ধারায় মামলা রুজু হয়। যার নম্বর ১০

দামুড়হুদা মুক্তারপুরে এমপির

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]